

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
তদন্ত ও শৃঙ্খলা শাখা
www.mopme.gov.bd

স্মারক নং-৩৮.০০.০০০০.০০৪.০৪.০০৫.১৮-১২৯

তারিখঃ ১৪ জ্যৈষ্ঠ ১৪২৫
২৮ মে ২০১৮

আদেশ

যেহেতু, জনাব মো: নবীর উদ্দিন, সহকারি জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, জামালপুর (প্রাক্তন উপজেলা শিক্ষা অফিসার, নাঙ্গলকোট, কুমিল্লা)-কে সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) মোতাবেক অসদাচরণের অভিযোগে অভিযুক্ত করে বিভাগীয় মামলা রুজুপূর্বক অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করে জবাব প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হয়;

যেহেতু, তিনি লিখিত জবাব দাখিল করেন এবং ব্যক্তিগত শুনানীতে অংশগ্রহণ করেন;

যেহেতু, শুনানীকালে তার বিরুদ্ধে আনীত অভিযোগসমূহের সন্তোষজনক জবাব প্রদানে তিনি ব্যর্থ হয়েছেন, এবং অভিযুক্ত কর্মকর্তার লিখিত জবাব, শুনানীতে প্রদত্ত তার বক্তব্য, দাখিলকৃত কাগজপত্র ও নথিপত্র পর্যালোচনায় তার বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তার ০১ (এক)টি বার্ষিক বেতন বৃদ্ধি ০১ (এক) বছরের জন্য স্থগিত করার সিদ্ধান্ত গৃহীত হয়;

সেহেতু, সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪(২)(বি) মোতাবেক জনাব মো: নবীর উদ্দিন, সহকারি জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, জামালপুর (প্রাক্তন উপজেলা শিক্ষা অফিসার, নাঙ্গলকোট, কুমিল্লা)-এর ০১ (এক)টি বার্ষিক বেতন বৃদ্ধি ০১ (এক) বছরের জন্য স্থগিত করা হলো।


রাষ্ট্রপতির আদেশক্রমে,
স্বাক্ষরিত/-
২৮.০৫.১৮
(মোহাম্মদ আসিফ-উজ-জামান)
সচিব

স্মারক নং-৩৮.০০.০০০০.০০৪.০৪.০০৫.১৮-১২৯

তারিখঃ ১৪ জ্যৈষ্ঠ ১৪২৫
২৮ মে ২০১৮

অনুলিপি জ্ঞাতার্থে/কার্যার্থে:

- ১। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা।
- ২। উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেঁজগাও, ঢাকা।
(গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের জন্য অনুরোধ করা হলো।)
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। উপ-পরিচালক, প্রাথমিক শিক্ষা, ঢাকা বিভাগ, ঢাকা/চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
- ৫। সিস্টেম এনালিস্ট, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(নোটিশটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো।)
- ৬। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, জামালপুর /কুমিল্লা।
- ৭। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, জামালপুর/কুমিল্লা।
- ৮। জনাব মো: নবীর উদ্দিন, সহকারি জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, জামালপুর।
- ৯। অফিস কপি।



(সুলতানা রাজিয়া)
উপ-সচিব
ফোন-৯৫৭৬৬৯১